রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৩, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ আশ্বিন ১৪১১/১৩ অক্টোবর ২০০৪

এস,আর,ও নং ২৯৫-আইন/২০০৪।—ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর ধারা ৫, ধারা ৩ এর উপ-ধারা (২)-এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ হইতে আকাশ, স্থল কিংবা জল পথে অন্য কোন দেশে কোন যাত্রীর গমনের ক্ষেত্রে ভ্রমণ করের হার নির্ধারণকল্পে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা বিদেশ ভ্রমণ কর হার নির্ধারণ বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। **আকাশ পথে প্রযোজ্য ভ্রমণ কর।**—বাংলাদেশ হইতে আকাশ পথে অন্য কোন দেশে গমনের ক্ষেত্রে প্রতি যাত্রীর নিকট হইতে নিম্নবর্ণিত হারে ভ্রমণ কর আরোপ ও আদায়যোগ্য হইবে, যথা ঃ—

(ক) উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ইউরোপ, আফ্রিকা, অষ্ট্রেলিয়া, নিউজিল্যাণ্ড, চীন, জাপান, হংকং, উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া, ভিয়েতনাম, লাওস, কম্বোডিয়া ও তাইওয়ান এ গমনের ক্ষেত্রে দুই হাজার পাঁচশত টাকা;

(খ) সার্কভুক্ত কোন দেশে গমনের ক্ষেত্রে আটশত টাকা; এবং

(গ) উপ-দফা (ক) ও (খ) এ উল্লিখিত দেশসমূহ ব্যতীত অন্য কোন দেশে গমনের ক্ষেত্রে এক হাজার আটশত টাকা।

মূল্যঃ টাকা ১.০০

৩। **জলপথে প্রযোজ্য ভ্রমণ কর।**—বাংলাদেশ হইতে জলপথে অন্য কোন দেশে গমনের ক্ষেত্রে প্রতি যাত্রীর নিকট হইতে পাঁচশত টাকা হারে ভ্রমণ কর আরোপ ও আদায়যোগ্য হইবে।

৪। **স্থলপথে প্রযোজ্য ভ্রমণ কর।**—বাংলাদেশ হইতে স্থল পথে অন্য কোন দেশে গমনের ক্ষেত্রে প্রতি যাত্রীর নিকট হইতে তিনশত টাকা হারে ভ্রমণ কর আরোপ ও আদায়যোগ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সাজ্জাদ হুসেইন
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।